দৈনিক ইত্তেফাক

তারিখ ... 03 JAN 1989 ...
পৃষ্ঠা ... 2 কলাম 2 ...

3

## ভার্সিটি কর্তৃপক্ষের নিকট নিবেদন

আমরা ১৯৮৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে ধনবারী কেন্দ্রে বিএ পরীক্ষা দিয়াছি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দুর্নীতির অভিযোগে বেশ কয়েকটি কেন্দ্রের পরীক্ষা এবং কেন্দ্র বাতিল করিয়া দিয়াছেন। এমতাবস্থায়, আমরা এখন কিংকর্তব্যবিমূঢ়। কারণ, আমরা বহু অর্থ কষ্ট সময় ব্যয় করিয়া পরীক্ষায় অংশ নিয়াছি। কর্তৃপক্ষ কেন্দ্র বাতিলের সাথে সাথে 'পরীক্ষা বাতিল' করিয়া দিয়া আমাদেরকে এখন দারুণ দুশ্চিন্তায় এবং হতাশার ভিতর ফেলিয়া দিয়াছেন। অতএব, কর্তৃপক্ষের কাছে আমাদের সবিনয় নিবেদন, পরীক্ষা বাতিল না করিয়া শত শত ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ বিবেচনায় সমস্ত ব্যাপারটি সুদৃষ্টির সাথে দেখিবার জন্য অনুরোধ করিতেছি।

—মোঃ আবদুল গফুর, ধনবাড়ী কেন্দ্র, টাঙ্গাইল।